

পাঠ পরিকল্পনা-৬ (শ্রেণি : নবম)

অধ্যায়-১ : আকাশদ ও নৈতিক জীবন

পাঠ-৭ : শিরক

সময় : ৩৫ মিনিট

সময়	বিবরণ
৫ মিনিট	<p>উপস্থিতি পর্যালোচনা ও পূর্বের পাঠের পর্যালোচনা। পূর্বজ্ঞান পরীক্ষা-</p> <ol style="list-style-type: none"> ১. মানব জীবনে শিরকের কুফল আলোচনা কর। ২. শিরক কী?
১৫ মিনিট	<p>শিরকের পরিচয়</p> <p>শিরক আরবী শব্দ। এর অর্থ- অংশীদার করা, শরিক করা। শিরক হলো তাওহীদের বিপরীত। শিরক মারাত্মক অপরাধ। তাওহীদের তিনটি দিকের কোনো একটিতে অংশীদার করাকে শিরক বলা। মুখে উচ্চারণ ছাড়াও কর্মের মাধ্যমেও শিরক প্রমাণিত হয়। তাওহীদের বিপরীত হওয়ায় শিরকও তিন প্রকার।</p> <ol style="list-style-type: none"> ১. আল্লাহর স্বত্তর সাথে অংশীদার স্থাপন করা। যেমন- কাউকে আল্লাহর পুত্র মনে করা। ২. ইবাদাতে অংশীদার করা। যেমন- মাজারে সিজদা করা, নামাজ রোয়ায় আল্লাহর সাথে অন্য কারো সন্তুষ্টি কামনা করা। ৩. আল্লাহর গুণবাচক নামসমূহে অন্যকে অংশীদার করা। যেমন আল্লাহকে সৃষ্টিকর্তা মানলেও রিযিদাতা হিসেবে, বৃষ্টিদাতা হিসেবে অন্যকে অংশীদার করা। যেমন হিন্দুধর্মাবলম্বীরা ঈশ্বরে বিশ্বাস করলেও বিদ্যার দেবতা হিসেবে স্বরূপতীকে বিশ্বাস করে।
১০ মিনিট	<p>শিরকের ক্ষতিকর দিক</p> <ol style="list-style-type: none"> ১. শিরক জঘন্য অপরাধ, ২. আল্লাহ মুশরিকদের প্রতি অসন্তুষ্ট, ৩. শিরককারী ইবাদাত করলেও তা কবুল হয় না, ৪. শিরকের উপর দৃঢ় থাকলে ইমান চলে যাওয়ার সম্ভাবনা থাকে। তাই শিরককারীকে পুণরায় ইমান আনতে হয়।
৫ মিনিট	<p style="text-align: center;">শিক্ষার্থীদের পিডব্যাক/পাঠোভূর মূল্যায়ন</p> <p>শফিক এসএসসি পরীক্ষার্থী। পরীক্ষার পূর্বে সে কোনো এক মাজারে পীরের নিকট দুআ প্রার্থনা করতে গেল। শফিক প্রার্থনায় বলল, "বাবা, আমি যেন পরীক্ষায় ভালোভাবে পাস করতে পারি।" "মাজারে শফিক অন্য একজন ছাত্রকে সিজদা করতে দেখল। বাড়ী ফিরে শফিক একজন আলেমের কাছে গিয়ে তাদের প্রার্থনা সম্পর্কে জিজেস করল এবং তিনি উত্তর দিলেন, "দুজনের প্রার্থনাই শিরক হয়েছে।"</p> <ol style="list-style-type: none"> ক. শিরক কী? খ. পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা কোনটি? বুঝিয়ে বল। গ. শফিক শিরক না করে কীভাবে মাজারে প্রার্থনা করতে পারত? ঘ. "আল্লাহ শিরক করার গুনাহ কখনো ক্ষমা করেন না।"-এ আয়াতের আলোকে শফিকের কাজটি মূল্যায়ন কর।